

মডিউল-১৬

করণীয় বিষয়সমূহ:

- ক. প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ মূল্যায়ণ;
- খ. প্রশিক্ষার্থীদের ফিডব্যাক গ্রহণ;
- গ. ভাতা প্রদানের জন্য এমএফএস নম্বর পুন:যাচাই;
- ঘ. শপথ বাক্য পাঠ;
- ঙ. সমাপনী অনুষ্ঠান পরিচালনা ও সনদপত্র বিতরণ।

- ক) **প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ মূল্যায়ণ:** সদর দপ্তর হতে সরবরাহকৃত লিংক-এর মাধ্যমে সকল প্রশিক্ষার্থীর অংশগ্রহণে নির্ধারিত ৩০ (ত্রিশ) মিনিট সময়ের মধ্যে প্রশিক্ষণ মূল্যায়ন ফরম পূরণ করতে হবে।
- খ) **প্রশিক্ষার্থীদের ফিডব্যাক গ্রহণ:** সদর দপ্তর হতে সরবরাহকৃত লিংক-এর মাধ্যমে সকল প্রশিক্ষার্থীকে সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রমের উপর ফিডব্যাক গ্রহণ করতে হবে।
- গ) **ভাতা প্রদানের জন্য এমএফএস নম্বর পুন:যাচাই:** প্রশিক্ষার্থীদের ভাতা সঠিকভাবে বিতরণের জন্য রেজিস্ট্রেশন ফরমে উল্লেখিত সকল প্রশিক্ষার্থীদের এমএফএস নম্বর (বিকাশ/নগদ ইত্যাদি) প্রশিক্ষার্থীদের উপস্থিতিতে পুনরায় সঠিকতা নিশ্চিত করতে হবে।
- ঘ) **শপথ বাক্য পাঠ:** প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষার্থীদের নিয়োক্ত শপথ বাক্য পাঠ করাতে হবে।

শপথনামা

আমি সর্বশক্তিমান সৃষ্টিকর্তার নামে সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ও বাংলাদেশের সংবিধান এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সম্মত আদেশ নির্দেশের প্রতি অকৃত্রিম বিশ্বস্ততা ও আনুগত্য পোষন করিব। আমি আমার অপরিহার্য কর্তব্য মনে করিয়া সমাজ ও দেশ সেবায় যে কোন স্থানে, আমার উপর ন্যস্ত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর যে কোন কর্তব্য, আমি সততা ও বিশ্বস্ততার সহিত পালন করিব এবং দেশের স্বাধীনতা ও স্বার্বভৌমত্ব রক্ষার্থে প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করিব।

আমিন।

ঙ) সমাপনী অনুষ্ঠান পরিচালনা ও সনদপত্র বিতরণ:

- সমাপনী অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থসমূহ হতে তেলাওয়াত/পাঠ।
- প্রশিক্ষার্থীর মধ্য হতে নির্বাচিত ০২ (দুই) জন সদস্য প্রশিক্ষণের সার্বিক বিষয়ের উপর বক্তব্য/ মতামত প্রদান।
- সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মকর্তার বক্তব্য প্রদান।
- প্রধান অতিথির বক্তব্য প্রদান ও সনদপত্র বিতরণ।